



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

সমাজকর্ম বিভাগের ৮ম ব্যাচের বিদায় এবং ১৪তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত



১১ জুলাই-২০১৯, বৃহস্পতিবার, সকাল:১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগের উদ্যোগে ৮ম ব্যাচের বিদায় এবং ১৪তম ব্যাচের নবীনবরণ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সমাজকর্ম বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ার হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া। এছাড়াও উপস্থিত ছিলেন বিভাগীয় শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। আলোচনা অনুষ্ঠান শেষে বিদায়ী শিক্ষার্থীদের ক্রেস্ট প্রদান করা হয় এবং বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতি অনুষ্ঠান পরিবেশিত হয়।